

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং- ৩৭.০০.০০০০.০৭৯.১১.০৮১.২১-২৮১

তারিখ:

২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩  
০৯ জুন ২০২৬


**প্রজ্ঞাপন**

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে জাতীয় বিশ্ববিদ্যালয় আইন, ১৯৯২ এর ১৩(১) ধারা অনুযায়ী ড. মোহাম্মদ আলী জিন্নাহ, প্রফেসর, শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউট (আইইআর), ঢাকা বিশ্ববিদ্যালয়-কে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

- (ক) উপ-উপাচার্য হিসেবে তাঁর নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ হতে ৪ (চার) বছর অথবা অবসর গ্রহণের তারিখ-এর মধ্যে যা পূর্বে ঘটে সেই সময় পর্যন্ত তিনি স্থায়ী পদে বহাল থাকবেন;
- (খ) উপর্যুক্ত পদে তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতাদি পাবেন;
- (গ) তিনি বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন এবং সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন;
- (ঘ) তিনি বিশ্ববিদ্যালয়ের আইন ও সংবিধি দ্বারা নির্ধারিত ও ভাইস-চ্যান্সেলর কর্তৃক প্রদত্ত ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন; এবং
- (ঙ) মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

২.০ জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

  
(মোঃ সুলতান আহমেদ)  
সহকারী সচিব  
ফোন : ০২৫৫১০০৬১৪  
ই-মেইল: ds\_univ1@moedu.gov.bd


নং- ৩৭.০০.০০০০.০৭৯.১১.০৮১.২১-২৮১/১(১৫)

তারিখ:

২৬ জ্যৈষ্ঠ ১৪৩৩  
০৯ জুন ২০২৬

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৪. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, ঢাকা
৫. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
৬. উপাচার্য, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৭. ড. মোহাম্মদ আলী জিন্নাহ, প্রফেসর, শিক্ষা ও গবেষণা ইন্সটিটিউট (আইইআর), ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা
৮. রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা/জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৯. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
১২. পি.আই.ডি., তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৩. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৪. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১৫. অফিস কপি।

  
(মোঃ সুলতান আহমেদ)  
সহকারী সচিব